# SAMPLE QUESTION PAPER
# 2024-2025
# SUBJECT- BENGALI (005)
# CLASS –X

**TIME - 3 HOURS** **MAXIMUM MARKS - 80**

**General Instructions:** **Code No. 005**

1. The Question paper contains **16** printed pages.
2. The Question paper contains **16** questions.
3. The Question Paper is divided into **two** Parts

**PART - A :** Objective type paper (MCQ) : **25** Marks

**PART - B :** Descriptive paper: **55** Marks

4. **PART - A** has**three** sections : (MCQ)

**Section - A: Reading ( Unseen Comprehension): 12 Marks**

**Section - B: Grammar : 03 Marks**

**Section - C : Main Course Book & Supplementary Reader/ Non-detailed Text : 10 Marks**

**PART- B** has **three**sections: ( Subjective)

**Section - B: Grammar : 10 Marks**

**Section - C : Main Course Book & Supplementary Reader/ Non-detailed Text : 33 Marks**

**Section - D : Creative Writing : 12 Marks**

---

**Note :- In the SQP few questions are marked as CBQ (Competency Based Questions) following the CBSE instructions.**

**Class - X (2024 - 2025)**

**Subject - Bengali (Code No. - 005)**

**সময়– ৩ ঘণ্টা** **সর্বমোট অঙ্ক - ৮০**

**Time : 3 Hour** **Maximum Marks: 80**

**PART - A :Objective type Questions (MCQ) : 25Marks**

**Section - A**

**( Reading : Unseen Comprehension)**

**অনুচ্ছেদগুলিপাঠকরেপ্রদত্তপ্রশ্নগুলিরসঠিকউত্তরনির্বাচনকরেলেখো :** [ ( 1x4 ) x3=12 ]

**1.**A. কালিম্পঙের যে পথ উত্তরে গিয়েছে , সেখানে পশমের ঘাঁটি একটির পর একটি---অসংখ্য তিব্বতী আর মাড়োয়াড়ী তার আশেপাশে। এটিই তিব্বতীদের প্রধান ব্যবসা। কিন্তু এখানে কারবারিদের উন্নতি ঘটেছে প্রচুর, তার প্রকাশ্য নিদর্শন বড়ো বড়ো অট্টালিকা আর অগণ্য কুঠিবাড়ি। ভোর থেকেই আকাশ ছিল মেঘময়, কনকনে শীতের হাওয়া। কালিম্পঙের ল্যাণ্ডমার্ক বড়ো গীর্জার পাশ দিয়ে চড়াই পথ চলে গেছে গ্রেহামস্ হোমের দিকে যেখানে অ্যাংলো ইন্ডিয়ান এবং সাহেবসুবোর অভিভাবকহীন ছেলেমেয়েরা পড়াশোনা ক'রে মানুষ হয়। পরিচালন ব্যবস্থা সমস্তই খাঁটি সাহেব-মেমদের হাতে। উঁচুনিচু পথ পেরিয়ে যেতে ভালই লাগছিল। কিছুদূর যেতেই চোখে পড়ল আরেকটা ছোট্ট গীর্জা---বলা ভালো চ্যাপেল – উঁচু উঁচু গাছে ঘেরা নিস্তব্ধ প্রান্তরে সাদা চ্যাপেলটা যেন একটা আলাদা মাত্রা এনে দিয়েছিল। প্রায় ঘন্টাখানেক ঘুরে অবশেষে এলুম ডাঃদাশগুপ্তের পাড়ায়। এরই একপাশে একটি সংকীর্ণ গলির নীচে নেমে ওই মন্দিরটির চত্বর— তারই একপাশে সেই অপরিচ্ছন্ন ঘুপচি ঘর যেখানে আমি আর শশাঙ্ক চৌধুরী একদিন রাত্রিবাস করে গিয়েছিলুম। এটির নাম ছিল ঠাকুরবাড়ি, আর আজও সেই নামটি তেমন ভাবেই প্রচলিত। সেদিনও কালিম্পঙে এলেও তাকে সেভাবে চোখে পড়েনি – মহাকবি রবীন্দ্রনাথের বিরাট ব্যক্তিত্ব সমগ্র হিমালয়কে সেদিন আমাদের চোখের আড়াল করেছিল। আরও খানিক দূর যাবার ইচ্ছা থাকলেও মেঘলা আকাশ, কনকনে ঠাণ্ডা হাওয়াকে উপেক্ষা ক'রে আর বেশি দূর যাওয়া উচিত হবে বলে মনে হলনা। তাই মনের ইচ্ছাকে অপূর্ণ রেখেই ফেরার পথ ধরলাম।

I. হিমালয়কে সেদিন আমাদের চোখের আড়াল করেছিল---

A) উঁচু উঁচু গাছ

B) মেঘলা আকাশ

C) রবীন্দ্রনাথের সুবিশাল ব্যক্তিত্ব

D) ঝোড়ো আবহাওয়া

II). কী দেখে সেই অঞ্চলের ব্যবসায়ীদের উন্নতির কথা বোঝা গিয়েছিল?

A.) আশে পাশে পশমের ঘাঁটি দেখে B.)আশে পাশে সম্পন্ন তিব্বতীদের দেখে

C.) বড়ো অট্টালিকা আর অগণ্য কুঠিবাড়ি দেখে D.) আগত পর্যটকদের দেখে

**(CBQ)** III). মন্তব্য : মনের ইচ্ছাকে অপূর্ণ রেখেই কথক ফেরার পথ ধরেছিলেন
কারণ (ক) : একা এতটা পথ হাঁটতে আর তার ভালো লাগছিল না
কারণ (খ) : আকাশ ছিল মেঘলা আর কনকনে ঠাণ্ডা হাওয়া বইছিল
কারণ বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোন্‌টি সঠিক?

A) কারণ (ক) সঠিক কিন্তু কারণ (খ) ভুল।

B) কারণ (ক) এবং কারণ (খ) কোনোটিই সঠিক নয়।

C) কারণ (ক) এবং কারণ (খ) দুটিই সঠিক।

D) কারণ (ক) ভুল কিন্তু কারণ (খ) সঠিক।

**(CBQ)** IV). 'চড়াই' শব্দটির বিপরীতার্থক শব্দ হবে -----

A) অচড়াই
B) উৎরাই
C) খাড়াই
D) উচ্চতা

**1**B.) খ্রিস্টীয় মিশনারিদের ব্রিটিশ ভারতে আসা নিষিদ্ধ ছিল। তাঁদের আসতে দেন শ্রীরামপুরের দিনেমার কর্তৃপক্ষ। সেইখান থেকেই তাঁরা বিভিন্ন ভারতীয় ভাষায় বাইবেলের অনুবাদ ছেপে বার করেন। উদ্দেশ্যটা রেনেসাঁসের দ্যোতক নয়, কিন্তু মুদ্রাযন্ত্রের সাহায্যে বিভিন্ন ভারতীয় ভাষায় পুস্তক প্রকাশ রেনেসাঁসের সহায়ক। তাঁরা এরপরে সংবাদপত্রও প্রকাশ করেন বাংলায়। তাতে থাকে নানাদেশের বিচিত্র বিবরণ। প্রথম প্রসঙ্গটাই ছিল আমেরিকা বলে এক অজানা ভূখণ্ডের। ধর্মপ্রচার যদিও মূল উদ্দেশ্য তবু বৃহত্তর জগতের জ্ঞান পরিবেশনও কর্তব্য। মানুষকে মানুষের জীবন সম্পর্কে সচেতন করা হিউম্যানিজমের আওতায় পড়ে। মিশনারিরা সেদিক থেকে হিউম্যানিস্ট। তাঁরা যেসব বিদ্যালয় স্থাপন করেন সেসব বিদ্যালয়ে ভূগোল, ইতিহাস, গণিত প্রভৃতি যুগোচিত বিদ্যার প্রচলন ছিল। যারা খ্রিস্টান নয় ও হবেনা তাদের কাছেও ছিল সেসব বিদ্যাসত্র অবারিত। কোম্পানির সরকার ভারতীয় বিদ্যার্থীদের জন্য ততখানি উদ্যোগী ছিলনা যতখানি ছিল ইউরোপের বিভিন্ন দেশ থেকে আগত খ্রিস্টীয়মিশন। এঁরা পরে ব্রিটিশ ভারতের অভ্যন্তরে প্রবেশাধিকার পান। কেরি সাহেবের সহযোগিতায় কোম্পানির আমলের রাজকর্মচারীদের জন্যে প্রতিষ্ঠিত ফোর্টউইলিয়াম কলেজ হয়ে ওঠে বাংলা, হিন্দি, উর্দু প্রভৃতি ভার্ণাকুলারের গদ্যসাহিত্যের আঁতুড় ঘর।

I .ভারতবর্ষে খ্রিস্টীয় মিশনারিদের আগমনের প্রধান উদ্দেশ্য ছিল---

A. বৃহত্তর জগতের জ্ঞান পরিবেশন ও ধর্মপ্রচারকরা।

B. রেনেসাঁসের আগমন ঘটানো।

C. ভারতবাসীকে শিক্ষিত করা।

D. সংবাদপত্র প্রকাশ ।

Ⅱ. **(CBQ)** মন্তব্য : ফোর্ট উইলিয়াম কলেজ হয়ে উঠেছিল বিভিন্ন প্রাদেশিক ভাষার গদ্য সাহিত্যের আঁতুড় ঘর।

কারণ (ক) : কোম্পানীর সরকারের একান্ত ইচ্ছা ছিল ভারতীয়দের শিক্ষিত করে তোলা।

কারণ (খ) : এইক্ষেত্রে কেরীসাহেব অগ্রণী ভূমিকা গ্রহণ করেছিলেন।

কারণ বিষয়ে প্রদত্ত বিকল্প গুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য ?

A) কারণ (ক) গ্রহণযোগ্য কিন্তু কারণ (খ) গ্রহণ যোগ্য নয়।

B) কারণ (ক) গ্রহণযোগ্য নয় কিন্তু কারণ (খ) গ্রহণ যোগ্য।

C) কারণ (ক) এবং কারণ (খ) দুটিই গ্রহণ যোগ্য।

D) কারণ (ক) এবং কারণ (খ) কোনোটিই গ্রহণ যোগ্য নয়।

Ⅲ. 'মিশনারিরা সেদিক থেকে হিউম্যানিস্ট'- কথাটি কোন্ বিষয় প্রসঙ্গে প্রদত্ত অনুচ্ছেদে ব্যবহৃত?

A) মানুষের মধ্যে ধর্মপ্রচার প্রসঙ্গে।

B) বিভিন্ন ভারতীয় ভাষায় পুস্তক প্রকাশ প্রসঙ্গে।

C) মানুষকে মানুষের জীবন সম্পর্কে সচেতন করার প্রসঙ্গে।

D) ভারতীয় ভাষায় বাইবেলের অনুবাদ প্রসঙ্গে।

Ⅳ. সেইখান থেকেই তাঁরা বিভিন্ন ভারতীয় ভাষায় বাইবেলের অনুবাদ ছেপে বার করেন। --- এই বাক্যটিকে সাধুভাষায় রূপান্তর করলে এর রূপ হবে –

A) সেইখান থেকেই তাঁরা বিভিন্ন ভারতীয় ভাষায় বাইবেলের অনুবাদ ছাপিয়া বাহির করেন।

B) সেইস্থান হইতেই তাহারা বিভিন্ন ভারতীয় ভাষায় বাইবেলের অনুবাদ ছাপিয়া বের করেন।

C) সেইখান হইতেই তাঁহারা বিভিন্ন ভারতীয় ভাষায় বাইবেলের অনুবাদ ছাপিয়া বাহির করিয়াছিলেন।

D) সেইস্থান হইতেই তাঁহারা বিভিন্ন ভারতীয় ভাষায় বাইবেলের অনুবাদ ছাপিয়া বাহির করেন।

**1**C) মমিদের জন্য সমাধি স্তম্ভটি তাদের চিরন্তন আবাস স্থল হিসেবেই বানানো হতো। সেখানে ব্যক্তিটির পাশাপাশি তার আত্মা, যাকে তারা 'কা' বলে ডাকতো, সেও থাকতো বলে বিশ্বাস

করতো প্রাচীন মিশরীয়রা। মৃত ব্যক্তির পরিবারের সদস্য, শুভাকাঙ্ক্ষী এবং যাজকেরা মাঝে মাঝেই বিভিন্ন দ্রব্যাদি তার উদ্দেশে উৎসর্গ করতো, যা 'কা'-এর কাজে লাগতো। অন্যদিকে মমিটি সুরক্ষিত স্থানে রাখা হতো যেন কেউ সেটির কোনো ক্ষতি সাধন করতে না পারে। সমাধি স্তম্ভগুলোতে প্রায়শই বিভিন্ন খাদ্যদ্রব্য ও পানীয় উৎসর্গ করা হতো। তারা বিশ্বাস করতো যে, সেই খাবারগুলো মৃতের আত্মা আধ্যাত্মিক ভাবে খেয়ে নিয়েছে। এজন্য এরপর জীবিতরাই সেই খাবারগুলো খেয়ে নিতো! 'উপত্যকার খাদ্যোৎসব' নামে তারা বাৎসরিক একটি ভোজ-অনুষ্ঠানের আয়োজন করতো যেখানে মৃতদের সাথে জীবিতদের পুনরায় সাক্ষাৎ হয় বলেই বিশ্বাসক রতো মিশরীয়রা। সেই সময়টায় রাতের আঁধার নেমে আসলে তারা সমাধিস্তম্ভেই রাতটা কাটিয়ে দিতো। মশাল জ্বেলে খাদ্য ও পানীয় গ্রহণের মাধ্যমেই মৃতের সাথে পুনর্মিলনকে স্মরণীয় করে রাখতো তারা।

একই সামাজিক মর্যাদার অধিকারী নারী ও পুরুষকে আইনের দৃষ্টিতে একই ভাবে দেখা হতো প্রাচীন মিশরে। অর্থাৎ নারীরাও সেখানে উপার্জন করা, কেনা বেচা করা কিংবা সম্পত্তির উত্তরাধিকারী হতে পারতো। ইচ্ছে হলে তারা কোনো পুরুষের অভিভাবকত্ব ছাড়াই স্বাধীনভাবে বেঁচে থাকতে পারতো। বিধবা হলে কিংবা স্বামীর সাথে ছাড়াছাড়ি হয়ে গেলে একজন মা একাই তার সন্তানের ভরণ পোষণের দায়িত্ব নিতে পারতেন। আইনের কাছে কোনো বিষয়ে বিচার চাইতে যেমন তাদের কোনো বাধা ছিলোনা, তেমনি কোনো বিষয়ে দোষী সাব্যস্ত হলে তাদের বিন্দুমাত্র ছাড় দেওয়া হতো না। স্বামীর অনুপস্থিতিতে স্ত্রী-ই তার ব্যবসা বাণিজ্য দেখাশোনা করতে পারতেন।

স্বামী-স্ত্রীর মাঝে বিবাহ পরবর্তী দায়িত্ব বন্টন অবশ্য এখনকার মতোই ছিলো। ঘরের যাবতীয় কাজকর্ম সামলানোর দায়িত্ব যেমন স্ত্রীর হাতে থাকতো, তেমনি স্বামীর কাজ ছিলো জীবিকার্জনের ব্যবস্থা করে সংসারটিকে চালানো।

I) মিশরীয়রা 'উপত্যকার খাদ্যোৎসব' নামে বাৎসরিক একটি ভোজ-অনুষ্ঠানের আয়োজন করতো কারণ-

A) প্রাচীন-নবীন সবাই মিলে খাবার খাবে বলে

B) মৃতদের সাথে জীবিতদের পুনরায় সাক্ষাৎ হয় বলে

C) ধনী-গরীব সবাই যাতে খাওয়ার আনন্দে মেতে ওঠে

D) নারী-পুরুষ সমান অধিকারের জন্য

**(CBQ)** II) 'একই সামাজিক মর্যাদার অধিকারী নারী ও পুরুষকে আইনের দৃষ্টিতে একইভাবে দেখা হতো প্রাচীন মিশরে' -এর ফলশ্রুতি হল -

A) স্বামীর উপস্থিতি সত্ত্বেও স্ত্রী-ই তার ব্যবসা বাণিজ্য দেখাশোনা করতো

B) মা একাই সবসময় তার সন্তানের ভরণ পোষণের দায়িত্ব নিতো

C) আইনের চোখে তাদের মধ্যে কোনো তফাৎ রাখা হতো না।

D) স্বাধীন ভাবে বাঁচার কোনো উপায় ছিল না।

III) 'এ জন্য এরপর জীবিতরাই সেই খাবারগুলো খেয়ে নিতো' – কিসের জন্য এইপদক্ষেপ নেওয়া হতো?

A) ব্যক্তিটির পাশাপাশি তার আত্মা, যাকে তারা 'কা' বলে ডাকতো, সেটিকে তারা রেখে দিতে চাইতো।

B) অন্য কেউ যাতে খাবার খেয়ে নিতে না পারে

C) খাবার গুলো মৃতের আত্মা আধ্যাত্মিকভাবে খেয়ে নিয়েছে , এই বিশ্বাসে মিশরীয়রা বিশ্বাসী ছিলো

D) খাবারগুলো খেয়ে না নেওয়া দণ্ডনীয় অপরাধ হিসাবে ধরা হতো।

IV) পুনর্মিলন সন্ধি বিচ্ছেদ করলে হবে–

A) পুর্ণ + মিলন

B) পুনর + মিলন

C) পুণঃ + মিলন

D) পুনঃ + মিলন

## Section - B

### Grammar : (MCQ)

**2.** ব্যাকরণ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তর বেছে লেখো : (যেকোনও**তিনটি)**

[1X3=3]

I) অযৌক্তিক কোনও একটা কথা বললেই বা আমরা মানতে যাব কেন ? – বাক্যটিকে সাধুভাষায় রূপান্তর করলে এররূপ কী হবে ?

A) অযৌক্তিক কোনও একটি কথা বলিলেই বা আমরা মানতে যাব কেন ?

B) অযৌক্তিক কোনও একটা কথা বললেই বা আমরা মানিতে যাব কেন ?

C) অযৌক্তিক কোনও একটি কথা বলিলেই বা আমরা মানিতে যাইব কেন ?

D) অযৌক্তিক কোনও একটা কথা বলিলেই বা আমরা মানিতে যাব কেন ?

II) বৈকালের রোদরাঙা হইয়া আসিয়াছে মহালিখারূপ পাহাড়ের মাথায়। -- বাক্যটির চলিত ভাষা রূপ কেমন হবে ?

A) বৈকালের রোদরাঙা হইয়া এসেছে মহালিখারূপ পাহাড়ের মাথায়।

B) বিকালের রোদরাঙা হয়ে এসেছে মহালিখারূপ পাহাড়ের মাথায়।

C) বিকালের রোদরাঙা হয়ে এসেছিল মহালিখারূপ পাহাড়ের মাথায়।

D) বিকালের রোদরাঙা হয়ে আসিয়াছে মহালিখারূপ পাহাড়ের মাথায়।

III) আমাকে নিরস্ত্র দেখে কখনই আমাকে দুর্বল ভেবো না। –সাধুরীতিতে বাক্যটির রূপান্তরিত রূপ কেমন হবে ?

A) আমাকে নিরস্ত্র দেখে কখনই আমাকে দুর্বল ভাবিওনা ।

B) আমাকে নিরস্ত্র দেখিয়া কখনই আমাকে দুর্বল ভাবিও নহে ।

C) আমাকে নিরস্ত্র দেখিয়া কখনই আমাকে দুর্বল ভাবিও না ।

D) আমাকে নিরস্ত্র দেখিতেছ বলে কখনই আমাকে দুর্বল ভাবিও না ।

**(CBQ)** IV) মন্তব্য : পাথরের উপর হুঁকা হাতে বসিয়া বৃদ্ধ রাজা নিজের মনেই তাহার অতীত গৌরবের কথা ভাবিতেছিলেন --- বাক্যটি সাধুরীতির দৃষ্টান্ত ।

কারণ (ক) : এই বাক্যে সর্বনাম ও ক্রিয়াপদের পূর্ণাঙ্গরূপ ব্যবহৃত হয়েছে।

কারণ (খ) : এই বাক্যে সর্বনাম ও ক্রিয়াপদের সংক্ষিপ্ত রূপ ব্যবহৃত হয়েছে।

প্রদত্ত কারণগুলির মধ্যে কোন্‌টি সঠিক ?

A) কারণ (ক) সঠিক হলেও কারণ (খ) সঠিক নয়।

B) কারণ (খ) সঠিক হলেও কারণ (ক) সঠিক নয়।

C) কারণ (ক) ও (খ) কোনোটিই সঠিক নয়।

D) কারণ (ক) ও (খ) উভয়ইসঠিক।

V) সমস্ত বাগানটা হয়ে উঠত যেন রূপকথার তেপান্তরের মাঠ – সাধু গদ্যে রূপান্তর করলে বাক্যটির রূপ কী হবে ?

A) সমস্ত বাগানটা হইয়া উঠিল যেন রূপকথার তেপান্তরের মাঠ

B) সমস্ত বাগানটা হয়ে উঠিত যেন রূপকথার তেপান্তরের মাঠ

C) সমস্ত বাগানটা হইয়া উঠল যেন রূপকথার তেপান্তরের মাঠ

D) সমস্ত বাগানটা হইয়া উঠিত যেন রূপকথার তেপান্তরের মাঠ

## Section - C

### Main Course Book & Supplementary Reader/ Non-detailed Text :

### ( MCQ)

**3.** পাঠ্য **গদ্য** থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তর নির্বাচন করে লেখো : (যে কোনও **ছ'টি**) [1X6=6]

I.'হঠাৎ ভয়ানক একটা উত্তেজনা অনুভব করে তপন' – তপন কখন উত্তেজনা অনুভব করে?

A. যখন ছোটমাসি আর মেসো সন্ধ্যাতারা পত্রিকা নিয়ে তাদের বাড়ি বেড়াতে আসে

B. যখন সন্ধ্যাতারা পত্রিকায় ছাপার অক্ষরে নিজের লেখা গল্পটি দেখতে পায়

C. তিনতলার সিঁড়িতে বসে একটা আস্ত গল্প লিখে ফেলার পর

D. লেখক মেসো যখন তপনের লেখা গল্পের প্রশংসা করেন।

II. **(CBQ)** মন্তব্য : 'আমি খানিকক্ষণ দাঁড়িয়ে রইলাম অবাক হয়ে'।

কারণ (ক) : প্রায় পুজো করার মতো আলোবাবুকে তাঁর ঘড়িতে দম দিতে দেখেছিলেন কথক।

কারণ (খ) : আলোবাবুকে তার স্বরে হ্যাট বাজিয়ে গান গাইতে দেখেছিলেন কথক। মন্তব্যের স্বপক্ষে প্রদত্ত কারণগুলির মধ্যে কোন্‌টি গ্রহণযোগ্য ?

A) কারণ (ক) গ্রহণযোগ্য হলেও কারণ (খ) গ্রহণযোগ্য নয়।

B) কারণ (ক) গ্রহণযোগ্য না হলেও কারণ (খ) গ্রহণ যোগ্য।

C) কারণ (ক) ও (খ) কোনোটিই গ্রহণযোগ্য নয়।

D) কারণ (ক) ও (খ) উভয়ই গ্রহণযোগ্য ।

III. '.........আতঙ্কের হল্লা বেজে উঠেছিল' – কোথায় ?

A) দয়াল বাবুর লিচু বাগানে

B) চকের বাস স্ট্যাণ্ডের কাছে

C) সন্ধ্যায় ভীড় ঠাসা বাজারে

D) শহরের সবচেয়ে সরু গলিটার বাইরে

IV. 'তার মানে তপনের মেসোমশাই একজন লেখক, সত্যিকারের লেখক'—কোন্ কোন্ যুক্তি নতুন মেসোকে 'সত্যিকারের লেখক' বলে তপনের কাছে পরিচিতি দিয়েছে?

A) তিনি সিগারেট খান, সিনেমা দেখেন, তাঁর বই ছাপানো হয়।

B) তিনি বই লেখেনও তাঁর অনেক বই ছাপানোও হয়েছে।

C) তিনি দাড়ি কামান, ঘুমানোর সময় ঘুমান, বইও পড়েন

D) তিনি গল্প করেন, তর্ক করেন, আবার বই ছাপিয়েও দেন।

V. **(CBQ)** মন্তব্য : 'দেখলাম তিনি দিশি কুকুরের বাচ্চার পরিচর্যায় নিযুক্ত আছেন'।

কারণ (ক) : কুকুরের পরিচর্যায় তাকে নিয়োগ করা হয়েছিল।

কারণ (খ) : হাসপাতাল থেকে বিতাড়িত হবার পর তিনি আর কোনও কাজ খুঁজে পাননি। সঠিক কারণটি চিহ্নিত করো

A) কারণ (ক) সঠিক হলেও কারণ (খ) সঠিক নয়।

B) কারণ (খ) সঠিক হলেও কারণ (ক) সঠিক নয়।

C) কারণ (ক) ও (খ) কোনোটিই সঠিক নয়।

D) কারণ (ক) ও (খ) উভয়ই সঠিক।

VI. 'ইসাবের মেজাজ চড়ে গেল'— কেন?

A) কালিয়া অমৃতকে ধাক্কা দিয়াছিল।

B) অমৃতের জামা ছিঁড়ে গিয়েছিল।

C) কালিয়া অমৃতকে কুস্তিতে হারিয়ে দিয়েছিল।

D) কালিয়া অমৃতের গায়ে কাদা মাখিয়ে দিয়েছিল।

VII. 'আক্ষেপ করেন হরিদা'—হরিদার এই আক্ষেপ কিসের জন্য ?

A) জগদীশবাবুর কাছ বিরাগী সেজে বিশেষ কিছু উপার্জন করতে না পারায়।

B) হরিদার একঘেয়ে জীবনযাপনের জন্য।

C) মাস্টারমশাই এর কাছ থেকে নকল পুলিশ সেজে ঘুষ নেওয়ার জন্য।

D) জগদীশবাবুর বাড়িতে আগত উঁচুদরের সন্ন্যাসীর পায়ের ধুলো নিতে না পারার জন্য।

VIII. অমৃত ও ইসাবকে জামা অদল বদল করতে ইসাবের বাবা ছাড়া আর কে দেখেছিল?

A) বাহালি বৌদি

B) স্কুলের হেডমাস্টার মশাই

C) অমৃতের ভাই

D) একটি ছেলে

**4. গল্পগুচ্ছ (সহায়কপাঠ)** থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখো : (যে কোনও **চার<u>টি</u>**) [1X4=4]

I. 'পোস্টমাস্টার আপনিই তাহাকে বলিলেন' --- পোস্টমাস্টার কী বলেছিলেন?

A) অস্বাস্থ্যকর গ্রাম পরিবেশে থাকা সম্ভব নয় তাই তিনি বদলির দরখাস্ত করছেন।

B) তিনি রতনকে পড়াশোনা শেখাবেন ।

C) বদলির দরখাস্ত মঞ্জুর না হওয়ায় তিনি কাজে ইস্তফা দিয়ে বাড়ি যাচ্ছেন ।

D) তিনি অসুস্থবোধ করছেন তাই তিনি কাজে ইস্তফা দিয়ে বাড়ি যাচ্ছেন ।

II. 'এই জন্য রহমতের অনুরোধটা সে পরিষ্কার বুঝিতে পারিত না।'

--- রহমতের নির্দিষ্ট অনুরোধ মিনির বুঝতে না পারার কারণ –

A) মিনি রহমতের ভাষা বুঝতে পারত না।

B) রহমতের চেয়ে মিনির বয়সের অনেক তফাৎ

C) রহমতের অনুরোধে ব্যক্ত বিষয়টি সমন্ধে ছোট্ট মিনির কোনো পূর্বধারণাই ছিল না।

D) মিনির মা রহমত ও মিনির মাঝখানে প্রাচীর হয়ে দাঁড়িয়ে ছিলেন।

**(CBQ)** III. মন্তব্য : অন্তঃপুরের মেয়েরা অত্যন্ত অসন্তোষ প্রকাশ করিতে লাগিলেন ।

কারণ (ক) : বিবাহের দিন বধূ সাজে সজ্জিতা মিনিকে তার বাবা অন্তঃপুরের বাইরে ডেকে এনেছিলেন।

কারণ (খ) : জেল থেকে ছাড়া পাবার পর কাবুলিওয়ালা মিনির বিবাহের দিনই তার সঙ্গে দেখা করতে তাদের বাড়িতে এসেছিল।

মন্তব্যের স্বপক্ষে প্রদত্ত কারণগুলির মধ্যে কোন্‌টি গ্রহণযোগ্য ?

A) কারণ (ক) সঠিক হলেও কারণ (খ) গ্রহণ যোগ্য নয়।

B) কারণ (খ) সঠিক হলেও কারণ (ক) গ্রহণ যোগ্য নয়।

C) কারণ (ক) ও (খ) কোনোটিই গ্রহণ যোগ্য নয়।

D) কারণ (ক) ও (খ) উভয়ই গ্রহণ যোগ্য ।

**(CBQ)** IV. রাধামুকুন্দের প্রতি ব্রজসুন্দরীর 'বিদ্বেষ ততই বাড়িয়া উঠিত' – কারণ–

A) শশিভূষণ তাকে অতিরিক্ত স্নেহ করতেন।

B) রাধামুকুন্দ যে ব্রজসুন্দরীর স্বামীকে বঞ্চনা করছেন, তার উপযুক্ত প্রমাণ তিনি জোগাড় করতে পারছিলেন না।

C). বিষয় কর্মের ভার শশিভূষণ রাধামুকুন্দের উপর দিয়েছিলেন।

D) স্ত্রী অপেক্ষা শশিভূষণ রাধামুকুন্দের উপর আরো বেশি নির্ভরশীল হয়ে পড়ছিলেন।

**(CBQ)** V. মন্তব্য : 'স্থানীয় লোকের সহিত তাঁহার মেলামেশা হইয়া উঠে না।'

কারণ (ক) : কোলকাতার ছেলে তাই ভালো করে মিশতে জানে না।

কারণ (খ) : কোলকাতার ছেলে অপরিচিত স্থানে গেলে হয় উদ্ধত নয় অপ্রতিভ হয়ে থাকে । কারণ বিষয়ে সঠিক উত্তরটি নির্বাচন করো–

A) কারণ (ক) সঠিক হলেও কারণ (খ) সঠিক নয়।

B) কারণ (ক) সঠিক না হলেও কারণ (খ) সঠিক।

C) কারণ (ক) ও (খ) দুটিই সঠিক।

D) কারণ (ক) ও (খ) কোনোটিই সঠিক নয়।

VI . 'তোমার কিসের দোষ?' – এক্ষেত্রে কোন দোষ সম্বন্ধে সন্দেহ প্রকাশ করা হয়েছে?

A) শশিভূষণের জমিদারি খাজনার দায়ে নিলাম হয়ে যাওয়া।

B) ব্রজ সুন্দরীর প্রতি রাসমণির রূঢ় ব্যবহার

C) সমস্ত সংসার খরচের টাকা রাধামুকুন্দ কর্তৃক ব্রজসুন্দরী কে দান

D) শশিভূষণের সম্পত্তি যে ব্যবসায়ী কিনেছিল তার প্রতি প্রজাদের ঘৃণা প্রদর্শন

## PART - B

**(Descriptive Type Questions) : 55Marks**

**Section - B: Grammar : ( Subjective)**

**5.** A. সন্ধি বিচ্ছেদ করো (যে কোনো **দুটি**) : [1X2]

সিংহ ; মিশকালো ; বিপন্মুক্ত ; ষণ্মাস ; নীরজ

B. সন্ধিবদ্ধ পদটি লেখ – (যে কোনো **দু'টি**) : [1X2]

নিঃ +প্রভ; পতৎ +অঞ্জলি ; সম্ +কৃত ; যত + দিনে ; দুঃ + নিবার

**(CBQ) 6.**ব্যাসবাক্যসহ নিম্ন রেখাঙ্কিত পদের সমাস নির্ণয় করো: (যে কোনও **<u>তিনটি</u>**)

[1X3=3]

I. নদীর পূর্ব **<u>উপকূল</u>** ওই জনজাতির জন্য নির্দিষ্ট ।

II. আমাদের রাজার **<u>বিজয়রথ</u>** তার উপর দিয়ে চলবে ।

III. আমি **<u>আজীবন</u>** আপনার অনুগত থাকিব, কথা দিলাম ।

IV. **<u>জীবনযুদ্ধে</u>** হার না মানার প্রতিজ্ঞা করেছে সে ।

V. **<u>অগ্রপশ্চাৎ</u>** বিবেচনা না করে কাজ করলে তো অসুবিধায় পড়তেই হবে।

**7.** নির্দেশানুসারে প্রদত্ত বাক্যগুলির গঠন গত রূপান্তর করো:

( যে কোনও **তি<u>নটি</u>** ) [1X3=3]

I. পুরনো বাসনও বিক্রি হয়না কি এখানে ? ( জটিলবাক্যে )

II. বাবা যখন শুনলেন দুষ্প্রাপ্য বইটি আমি স্কুলে হারিয়েছি , উনি অত্যন্ত দুঃখিত হলেন । ( সরলবাক্যে )

III. আমাদের পুঁথির বিদ্যাকে আমরা আমাদের প্রাণের মধ্যে আয়ত্ত করিতে পারিতেছি না। ( জটিলবাক্যে )

IV. গম্ভীর মুখ করিয়া তর্জনী তুলিয়া বলিয়া যাইত । (যৌগিকবাক্যে)

V. কাঙালির মা আস্তে আস্তে উঠে দরজার পাশে গিয়ে দাঁড়ায় । (যৌগিকবাক্যে)

## Section - C

## [Main Course Book & Supplementary Reader/ Non-detailed Text]

## ( Subjective)

**8.**'অনুগ্রহ করে একটু সাহায্য করবেন আমাকে?'– কে কোন্ সাহায্যের প্রত্যাশায় এসেছিল? [2]

**9.** a)'ও সব হলো সুন্দর সুন্দর একেকটি বঞ্চনা'—এই উক্তির দ্বারা বক্তা কী বোঝাতে চেয়েছেন? [3]

b) 'আজ থেকে আমরা অমৃতকে অদল আর ইসাবকে বদল বলে ডাকব' – বক্তার এই ঘোষণায় কোন্ সত্য প্রকাশ পেয়েছে? [3]

**10.** 'বইটা ফেলে রেখে চলে যায়" –

a). কার কখন এই প্রতিক্রিয়া ?

**(CBQ)** b). এই প্রতিক্রিয়ার সূত্রে তার যে মানসিক পরিবর্তন পাঠ্যগল্পের প্রেক্ষিতে তা কতখানি যুক্তিযুক্ত বলে তোমার মনে হয় ? [ 2+3=5]**#**

**OR**

‘জীবনে কিন্তু ভালোবাসার সুযোগ পাচ্ছেনা কোথাও’ – # ( 2+3=5/3+2=5 ) ( Discrepancy in allotment of marks in QP with ‘or’ )

**(CBQ)** a) উদ্দিষ্টব্যক্তি ‘জীবনে ভালোবাসা’র সুযোগ পাচ্ছেনা কোথাও’- বলতে গল্পকার কী বুঝিয়েছেন?

b). এই ভালোবাসা প্রাপ্তির অভাবকে তিনি কীভাবে পূরণ করতে চেয়েছিলেন।

[3+2=5 ]#

**(CBQ) 11.** সপ্রসঙ্গ ব্যাখ্যা করো – [5x1]=5

‘সহজ করে বাঁচা কি আর খাঁচাতে সম্ভব?
তিন পাহাড়ের নক্‌শি কাঁথায় শিশুর কলরব’

**OR**

‘তোমার পানি আর আমার জল
জীবনের জন্য
একসঙ্গে একাকারে ভ’রে নিই’

**(CBQ) 12.** ‘....আঁকড়ে ধরে সে খড়কুটো
রক্ত মুছি শুধু গানের গায়ে----’

a) ‘খড়কুটো’ আঁকড়ে ধরার মধ্যে দিয়ে এখানে কি বোঝানো হয়েছে?

b)উদ্ধৃত পঙ্‌ক্তির নিহিতার্থ বিশ্লেষণ করো । [ 2+3=5]

**OR**

‘ অথবা এমনই ইতিহাস
আমাদের চোখ মুখঢাকা
আমরা ভিখারি বারোমাস’

a) ‘আমরা’ বলতে কাদের বোঝানো হয়েছে?

b) আমাদের এরূপ খণ্ডিত অস্তিত্ব থেকে উদ্ধারের কোন্ উপায় কবি দেখিয়েছেন?

[2+3=5]

**13.** “পোস্টমাস্টার রতনের এইরূপ ব্যবহার কখনও দেখেন নাই, তাই অবাক হইয়া রহিলেন”-

a) রতনের কোন্ অস্বাভাবিক ব্যবহারের কারণে পোস্টমাস্টার অবাক হয়েছিলেন?

**(CBQ)** b).রতনের অস্বাভাবিক ব্যবহারের অন্তরালে তার কোন্ মানসিকতার পরিচয় ফুটে উঠেছে প্রাসঙ্গিক ঘটনা অবলম্বনে লেখো। [2+3=5]

**14.** ‘দাদা মাপ করিলে তো?’ ---

a). কে কার কাছে কখন ক্ষমাপ্রার্থী হয়েছিলেন ?

b). কোন্ কর্মের অনুশোচনার প্রেক্ষিতে বক্তার এই ক্ষমাপ্রার্থনা ? [ 2+3=5 ]

**OR**

‘আমাকে মানিতে হইল, ব্যাপারটা অসম্ভব তাহা নহে কিন্তু অবিশ্বাস্য’।

a). ব্যাপারটি কী ?

b). অসম্ভব হলেও ব্যাপারটিকে অবিশ্বাস্য বলে বক্তার মনে হয়েছে কেন?

## Section - D

## Creative Writing

**(CBQ) 15.** নিম্নলিখিত যেকোনও **একটি** বিষয় অবলম্বনে অনুচ্ছেদ রচনা করো : [ 6]

a) জলসংরক্ষণ – সভ্যতাকে টিকিয়ে রাখার অন্যতম উপায়

b) অতিরিক্ত মোবাইল আসক্তি কেড়ে নিচ্ছে কৈশোরের স্বাভাবিকত্ব

c) প্রাকৃতিক কোনও বিপর্যয় থেকে উদ্ধার পাওয়ার অভিজ্ঞতা

**(CBQ)16.** শহরে পুকুর বুজিয়ে, খেলার মাঠ ব্যবহার ক'রে, অপরিসর জমিতে বেআইনী বহুতল নির্মাণের জন্য স্বাভাবিক জনজীবন বিভিন্ন ভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে – এই বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ ও জন সচেতনতা বৃদ্ধির জন্য সংবাদপত্রের সম্পাদকের কাছে একটি পত্র লেখো।

[ 6]

**OR**

'অনলাইন' পরিষেবার অজ্ঞাত ফাঁদে পা দিয়ে প্রায়শই বিভ্রান্ত ও সর্বস্বান্ত হচ্ছেন সাধারণ মানুষ – তাই সে বিষয়ে সকলকে সতর্ক করে সংবাদপত্রের সম্পাদকের কাছে একটি পত্র লেখো।

---------------------------------------------------